# ব্যাংকিং এর ২০ বছর

## বিশেষ ক্রোড়পত্র

সুদমুক্ত জীবন আল্লাহ্‌র জন্য

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড
العرفة اسلامی بنك لميتيد
Al-Arafah Islami Bank Limited



রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

### বাণী

১৪ মাঘ ১৪২২
২৭ জানুয়ারি ২০১৬

দেশের ব্যাংকিং খাতের দ্বিতীয় প্রজন্ম ব্যাংক হিসেবে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডের প্রতিষ্ঠার দুই দশক পূর্তিতে সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানাই। এ উপলক্ষে ক্রোড়পত্র প্রকাশের উদ্যোগও প্রশংসনীয়।

দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাংক এবং আর্থিক খাতের গুরুত্ব অপরিসীম। বর্তমান সরকার 'রূপকল্প ২০২১' বাস্তবায়নের লক্ষ্যে দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা ও এর সূচকগুলোর উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এ সকল পদক্ষেপ ও কার্যক্রম বাস্তবায়নে দেশের ব্যাংকিং খাত গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। এ ধারাবাহিকতায় আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক দীর্ঘ ২০ বছর ধরে দেশের মানুষকে আধুনিক ও ইসলামী ব্যাংকিং সেবা প্রদান করে আসছে। আগামী দিনগুলোতেও ব্যাংকটি মানবসেবায় কাজ করে যাবে বলে আমি আশা করি।

প্রতিষ্ঠা বার্ষিকীর এই শুভক্ষণে আমি ব্যাংকের পরিচালক পর্ষদসহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে দেশের অপেক্ষাকৃত দরিদ্র জনগোষ্ঠীকে আরও অধিকমাত্রায় সেবা প্রদানের আহ্বান জানাই। আমি আশা করি ব্যাংকটি স্বীয় দায়িত্ব পালনের মাধ্যমে একটি টেকসই ও দৃঢ় অর্থনীতি গড়ে তুলতে কার্যকর অবদান রাখবে। দেশের অর্থনীতিকে ইতিবাচক প্রবৃদ্ধির ধারায় অব্যাহত রাখতে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক তার কার্যক্রম আরও সম্প্রসারিত করবে বলে আমার বিশ্বাস।

আমি আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ



আবুল মাল আবদুল মুহিত
মন্ত্রী
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### বাণী

০৮ মার্চ, ২০১৬

বিসমিল্লাহির রাহমানির রাহীম।

একটি শরীয়াহ্‌ভিত্তিক বেসরকারী ব্যাংক হিসেবে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড প্রতিষ্ঠার ২০ বছর পূর্তি উদযাপন করতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এ উপলক্ষে আমি ব্যাংকটির প্রতিষ্ঠালগ্ন থেকে বর্তমান পর্যন্ত সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক অভিনন্দন।


আমার কাছে একটি উদীয়মান অর্থনীতিতে আর্থিক খাতের কাঙ্খিত প্রধান সূচক হলো কর্মসংস্থান বৃদ্ধিসহ মাথাপিছু আয় বৃদ্ধি এবং সর্বোপরি জিডিপির প্রবৃদ্ধি। এই দুটি বা তিনটি সূচকে বাংলাদেশ সরকার ঈর্ষণীয় অগ্রগতি সাধন করেছে। এই সঙ্গে লক্ষ্যণীয় যে বিগত কয়েক বছর থেকে ব্যাংকিং খাত সঠিকভাবে তাদের দায়িত্ব পালনের মাধ্যমে দেশের জিডিপিকে সমৃদ্ধ করে চলেছে এবং অন্যান্য অর্থনৈতিক সূচকে বাংলাদেশের এগিয়ে যাওয়া প্রতিবিম্বিত হচ্ছে।

ইসলামিক ব্যাংকিং ব্যবস্থা একাধারে যেমন এক শ্রেণীর ধর্মপ্রাণ মুসলিমদের ব্যাংকিং কার্যক্রমের একমাত্র মাধ্যম, সেইসঙ্গে ইসলামিক ব্যাংকিং ব্যবস্থার শরীয়াহ্‌সম্মত আধুনিক লেনদেন অন্যান্য ধর্মাবলম্বীদের জন্যও উন্মুক্ত করেছে ব্যবসার নতুন দিগন্ত। এ কারণেই বর্তমানে মুসলিম বিশ্ব ছাড়াও ইউরোপ এবং আমেরিকায় ইসলামিক ব্যাংকিং ব্যবস্থা দ্রুত সম্প্রসারিত হচ্ছে।

বাংলাদেশের প্রেক্ষাপটে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক দীর্ঘ দুই দশকে অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে সহায়ক ভূমিকা রেখেছে। বিশেষ করে এসএমই ও কৃষিখাতে বিনিয়োগের মাধ্যমে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর সেবায় ব্যাংকটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে আমি বিশ্বাস করি। আমি এ ব্যাংকের উত্তরোত্তর সাফল্য ও সেবামূলক কার্যক্রমের বিস্তৃতি কামনা করছি।

বাংলাদেশ চিরজীবী হোক।

(আবুল মাল আবদুল মুহিত, এমপি)



আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড
Al-Arafah Islami Bank Limited

চেয়ারম্যান
আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড

### অভিনন্দন

বিসমিল্লাহির রাহমানির রাহীম

১৯৯৫ সালের ২৭ সেপ্টেম্বর ঢাকার মতিঝিলে প্রথম শাখা উদ্বোধনের মাধ্যমে যাত্রা শুরু করেছিল আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড। ক্যালেন্ডারের পাতায়-পাতায় ২০টি বছর পেরিয়ে গেছে, আমাদের উদ্যোক্তাদের ক্ষুদ্র প্রয়াস এখন আপনাদের সকলের সহযোগিতায় 'সব মানুষের ব্যাংক'-এ পরিণত হয়েছে।

যে কোনো যুগেই সবার জন্য আধুনিক ও কার্যকরী সেবা প্রদান প্রতিটি ব্যাংকের প্রথম এবং প্রধান লক্ষ্য। নীতিনির্ধারণী আইন, গ্রাহকের আমানতের সুরক্ষা এবং সর্বোপরি সুষ্ঠু বিনিয়োগের সর্বোচ্চ মান নিশ্চিতকরণের বিষয়গুলো ছাড়াও একটি ইসলামী ব্যাংকের জন্য সবচে' বড় চ্যালেঞ্জ হলো কুরআন ও সুন্নাহ্‌র আলোকে ব্যবসা পরিচালনা নিশ্চিত করা। আল্লাহ্‌পাকের অশেষ রহমত এবং আপনাদের সকলের উদার পৃষ্ঠপোষকতায় আমরা এ পর্যন্ত সেই কঠিন চ্যালেঞ্জগুলো সঠিকভাবে পালন করতে সচেষ্ট আছি।

শুরু থেকেই আমাদের লক্ষ্য ছিলো শরীয়াহ্‌ভিত্তিক ব্যাংকিং সেবার পাশাপাশি বাংলাদেশ ব্যাংকের নীতিমালা যথাযথ অনুসরণ করে দেশের ব্যাংকিং সেবায় মানবিক ধারনা প্রচলন করার। এরই অংশ হিসেবে কৃষি, এসএমই, গ্রিন ব্যাংকিং, নারী উদ্যোক্তাদের মধ্যে বিনিয়োগ, কৃষক-মুক্তিযোদ্ধা, স্কুল ব্যাংকিং, কর্মজীবী পথশিশুদের ব্যাংক হিসাব এবং সিএসআরসহ প্রভৃতি কার্যক্রম পরিচালনা করে আসছি। একই সাথে দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষের মাঝে ব্যাংকিং সেবা পৌছে দেয়ার লক্ষ্যে মোবাইল ব্যাংকিং, এজেন্ট ব্যাংকিং ও এটিএম সেবার কার্যক্রম দ্রুত গতিতে এগিয়ে নিয়ে চলেছি।

২০ বছর পূর্তি উপলক্ষে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকের সকল গ্রাহক, শেয়ারহোল্ডার, পৃষ্ঠপোষক, শুভানুধ্যায়ীসহ এ ব্যাংকের সকল কর্মকর্তা-কর্মচারীকে জানাই আন্তরিক অভিনন্দন। একই সঙ্গে আমাদের কার্যক্রমকে সাবলীল রাখার লক্ষ্যে সার্বক্ষণিক দিকনির্দেশনা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংকসহ সকল নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে জানাই আমার কৃতজ্ঞতা। মহান আল্লাহ্ রাব্বুল আলামীন আমাদের সকলের উপর রহমত বর্ষন করুন। আমীন।

(বদিউর রহমান)




২৯ মার্চ, ২০১৬ মঙ্গলবার রাজধানীর হোটেল সোনারগাঁয় আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডের চেয়ারম্যান বদিউর রহমান এবং ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি) গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান ইসলামিক কর্পোরেশন ফর দ্য ডেভেলপমেন্ট অব দ্য প্রাইভেট সেক্টর (আইসিডি)-র প্রধান নির্বাহি ও মহাব্যবস্থাপক খালেদ আল-আবুদি একটি কৌশলগত বিনিয়োগ চুক্তি স্বাক্ষরপূর্বক হস্তান্তর করেন। নতুন চুক্তির ফলে ব্যাংকের ১০ শতাংশ শেয়ারের মালিকানা নিয়ে আইসিডি আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকের পরিচালনা পর্ষদে যোগ দিতে যাচ্ছে। এ সময় ব্যাংকের পরিচালক পর্ষদের সদস্যবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালকসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড

আল-কুরআন-এর নির্দেশনায় ও রাসুলুল্লাহ্ (সাঃ) এর প্রদর্শিত জীবনবিধান মেনে ইহকাল ও পরকালের সাফল্য অর্জনের লক্ষ্যে ১৯৯৫ সালের ১৮ জুন আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে কার্যক্রম শুরু করে। একই বছর ২৭ সেপ্টেম্বর ঢাকার মতিঝিলে প্রথম শাখা উদ্বোধনের মধ্য দিয়ে ব্যাংকটির আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। দেশের ১৮ জন অন্যতম বিশিষ্ট ইসলামী ব্যাক্তিত্বকে নিয়ে এ ব্যাংকের পরিচালক পর্ষদ গঠিত।

### পরিচালক পর্ষদ

বর্তমানে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড এর পরিচালক পর্ষদের সম্মানিত চেয়ারম্যান হিসেবে দায়িত্বপ্রাপ্ত রয়েছেন প্রথিতযশা ব্যবসায়ী জনাব বদিউর রহমান। তার নেতৃত্বে পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ হলেন ঃ-

| | | |
|---|---|---|
| ২) আলহাজ্জ মোহাম্মদ হারুন-অর-রশীদ খাঁন | ৮) আলহাজ্জ আবু নাছের মোঃ ইয়াহিয়া | ১৪) আলহাজ্জ বাদশা মিয়া |
| ৩) আলহাজ্জ নাজমুল আহসান খালেদ | ৯) আলহাজ্জ ইঞ্জিনিয়ার খন্দকার মেসবাহ্ উদ্দিন আহমেদ | ১৫) আলহাজ্জ মোঃ হারুন |
| ৪) আলহাজ্জ আব্দুল মালেক মোল্লা | ১০) আলহাজ্জ আব্দুস সালাম | ১৬) জনাব মোঃ লিয়াকত আলী চৌধুরী |
| ৫) হাফেজ আলহাজ্জ মোঃ এনায়েত উল্যা | ১১) আলহাজ্জ নিয়াজ আহমেদ | ১৭) জনাব সেলিম রহমান |
| ৬) আলহাজ্জ আহাম্মদুল হক | ১২) জনাব মোঃ আশিক হোসেন | ১৮) জনাব খালিদ রহিম |
| ৭) আলহাজ্জ আব্দুস সামাদ | ১৩) জনাব মোহাম্মদ এমাদুর রহমান | |

২০১৩ সাল থেকে দেশের খ্যাতনামা ব্যাংকার জনাব মোঃ হাবিবুর রহমান এ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্বপ্রাপ্ত রয়েছেন।


### কর্পোরেট হাইলাইটস


১। কোম্পানি রেজিস্ট্রেশন : ১৮ জুন ১৯৯৫
২। কার্যক্রম উদ্বোধন : ২৭ সেপ্টেম্বর ১৯৯৫
৩। প্রথম শাখা উদ্বোধন : মতিঝিল শাখা, ২৭ সেপ্টেম্বর ১৯৯৫
৪। বিভাগওয়ারি শাখার বিন্যাস
ক) ঢাকা বিভাগ : ৫৭, খ) চট্টগ্রাম বিভাগ : ৩২, গ) রাজশাহী বিভাগ : ০৭
ঘ) খুলনা বিভাগ : ১০, ঙ) সিলেট বিভাগ : ০৭, চ) বরিশাল বিভাগ : ০৮
ছ) রংপুর বিভাগ : ০৪, জ) ময়মনসিংহ বিভাগ : ০৪, মোট=১২৯টি
৫। অনলাইন নেটওয়ার্ক কাভারেজ : শতভাগ (১২৯ শাখা)
৬। ইক্যুইটি : ১৯,২৩.৬১ কোটি টাকা (৩১/১২/২০১৫)
৭। আমানত (+ধার) : ১৮,২৬৮.১১ কোটি টাকা (৩১/১২/২০১৫)
৮। বিনিয়োগ (নেট) : ১৬,২৫০.৩১ কোটি টাকা (৩১/১২/২০১৫)
৯। বৈদেশিক বাণিজ্য (সকল) : ২০,০৩৮.২১ কোটি টাকা (৩১/১২/২০১৫)
১০। জনশক্তি : ২৯১৫ জন (১২/০৪/২০১৬)
১১। শেয়ারহোল্ডার : ৪১০৫৩ (১০/০৪/২০১৬)
১২। এটিএম বুথের সংখ্যা : ১০৩টি (প্রক্রিয়াধীন ২১টি)
১৩। ২০১৪ সালে প্রদত্ত ডিভিডেন্ড : ১৫% (এজিএম এ অনুমোদন সাপেক্ষে)
১৪। এজেন্ট আউটলেট : ৩৫টি (প্রক্রিয়াধীন ৭৮টি)

### ক্রেডিট রেটিং

১। রেটিং এজেন্সি : ক্রেডিট রেটিং এজেন্সি অব বাংলাদেশ লিঃ (ক্র্যাব)
২। দীর্ঘ মেয়াদি : $AA_2$ (Very Strong Capacity & Very High Quality)
৩। স্বল্প মেয়াদি : ST-2 (High Grade)

### আমানত ও বিনিয়োগের চিত্র




## ব্যাংকের সাবসিডিয়ারী প্রতিষ্ঠান

### এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস লিমিটেড

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের সনদ নিয়ে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ জানুয়ারি ১৫, ২০০৯ইং তারিখ হতে ক্যাপিটাল মার্কেট ডিভিশনের মাধ্যমে ষ্টক-ব্রোকার ও ষ্টক-ডিলার কার্যক্রম শুরু করে। পরবর্তীতে প্রনীত নীতিমালা অনুযায়ী সেপ্টেম্বর ২১, ২০১০ইং তারিখে উক্ত ডিভিশন এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস লিঃ নামে আলাদা সাবসিডিয়ারী কোম্পানিতে রূপান্তরিত হয়। লেনদেনের ভিত্তিতে ঢাকা ষ্টক এক্সচেঞ্জের জানুয়ারি, ২০১৬ তে এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস লিঃ এর অবস্থান দ্বিতীয়। কোম্পানীর অনুমোদিত মূলধন ১০০০ কোটি টাকা এবং পরিশোধিত মূলধন ৪০০ কোটি টাকা। ঢাকায় তিনটি শাখাসহ চট্টগ্রাম, খুলনা, বরিশাল, ব্রাহ্মণবাড়িয়া, সিলেট-এ একটি করে মোট ৮টি শাখার মাধ্যমে এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস লিঃ গ্রাহকদেরকে সরাসরি শেয়ার লেনদেন এর সেবা প্রদান করে আসছে।

### এআইবিএল ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ এর সাবসিডিয়ারী প্রতিষ্ঠান হিসেবে ২০১১ সালের ২৫ অক্টোবর এআইবিএল ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড প্রতিষ্ঠিত হয়। এই কোম্পানি ২০১৩ সালের ২৫ শে ফেব্রুয়ারি বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক মার্চেন্ট ব্যাংকিং লাইসেন্স প্রাপ্ত হয়। এর অনুমোদিত মূলধন ২০০ কোটি টাকা যার মধ্যে পরিশোধিত মূলধন ৫০ কোটি টাকা। এআইবিএল ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড দেশের প্রথম সারির একটি পূর্ণাঙ্গ মার্চেন্ট ব্যাংক। এর সেবাগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো - ক) ইস্যু ব্যবস্থাপনা-আইপিও, রাইট ইস্যু, বন্ড ইস্যু, প্রেফারেন্স শেয়ার ইস্যু, ইত্যাদি খ) আন্ডাররাইটিং গ) পোর্টফোলিও ব্যবস্থাপনা ঘ) গ্রাহকদের আইপিও আবেদন গ্রহণ ও প্রসেসিং ঙ) কর্পোরেট এ্যাডভাইজরী ও আর্থিক কনসাল্টেন্সি প্রদান ইত্যাদি।

### মিলেনিয়াম ইনফরমেশন সল্যুশন লিমিটেড

২০১৫ সালে দেশের অন্যতম শীর্ষ তথ্যপ্রযুক্তি বিষয়ক প্রতিষ্ঠান মিলেনিয়াম ইনফরমেশন সল্যুশন লিঃ আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড এর একটি সাবসিডিয়ারি কোম্পানিতে পরিণত হয়। প্রতিষ্ঠানটির অনুমোদিত মূলধন ২০ কোটি টাকা যার মধ্যে পরিশোধিত মূলধন ১৮,৩৭,১২,৬১০ টাকা। প্রতিষ্ঠানটি একটি আইএসও ৯০০১:২০১৫ সার্টিফাইড প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের উদ্ভাবিত 'আবাবিল' সফটওয়ারটি বিশ্বের শীর্ষ ১০টি ইসলামী ব্যাংকিং সফটওয়ারের অন্যতম (সূত্র : গার্টনার ইনকর্পো. যুক্তরাষ্ট্র)। সফটওয়্যারটি বিশ্বখ্যাত আইবিএম ল্যাবরেটরির মাধ্যমে বেঞ্চমার্ক টেস্টে হাই পারফরম্যান্স সফটওয়ার হিসেবে স্বীকৃত।



ICD

CEO & General Manager
Islamic Corporation for the Development of The Private Sector (ICD)

### MESSAGE

April 2016

Bismillahir Rahmanir Rahim

On behalf of the Islamic Corporation for the Development of the Private Sector (ICD), member of the Islamic Development Bank Group, it is a great honor to extend our sincere congratulations to Al-Arafah Islami Bank Ltd. (AIBL) and its valued stakeholders for successful accomplishment of twenty (20) glorious years of success. Over the past years, with commitment, sincerity and brilliant team of dedicated professionals, AIBL has achieved tremendous growth and gained much deserved recognition and goodwill within the community.

We are also glad to witness Bangladesh's impressive achievements in maintaining steady and stable economic growth over the last decade and so which ICD has committed nearly USD 200 million investments in the private sector. In order to create more synergy and multiplier effect, ICD being the only Islamic multilateral financial institution in the globe envisages partnering with AIBL with long-term vision to bring growth capital, financial resources from international market as well as develop the finest Islamic finance infrastructure through good corporate governance, risk management framework, innovative products and financial solutions to the stakeholders.

We believe our collaborations with AIBL - one of the leading Islamic and largest banks would bring stability and confidence in the financial sector in Bangladesh. We look forward to being with AIBL in this great journey and reaching new heights in the coming days.

Khaled Al-Aboodi



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### বাণী

৫ মাঘ ১৪২২
১৮ জানুয়ারি ২০১৬

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড-এর দুই দশক পূর্তি উপলক্ষে এ ব্যাংকের পরিচালনা পর্ষদ, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, কর্মকর্তা-কর্মচারিসহ সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জানাচ্ছি।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক গত ২০ বছর ধরে ব্যাংকিং সেবার মাধ্যমে দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান, নারীর ক্ষমতায়ন ও অর্থনৈতিক উন্নয়নে তাৎপর্যপূর্ণ অবদান রেখে চলেছে। প্রতিষ্ঠানটি দেশের প্রান্তিক কৃষক, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভাতাভোগী, মুক্তিযোদ্ধা, পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোর এবং স্কুলগামী ছাত্র-ছাত্রীদের ব্যাংক হিসাব খোলার সুযোগ করে দিয়েছে। সমাজের সর্বস্তরে ব্যাংকিং সেবার সম্প্রসারণে ভূমিকা রাখছে।

আমি আশা করি, প্রচলিত ব্যাংকিং এর পাশাপাশি প্রতিষ্ঠানটি জনকল্যাণমুলক আরও নতুন নতুন কর্মসূচি গ্রহণ করে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে অবদান রাখবে। এ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারিগণ দেশপ্রেম ও মহান মুক্তিযুদ্ধের চেতনাকে সমুন্নত রেখে অর্জিত অভিজ্ঞতার সর্বোচ্চ প্রয়োগের মাধ্যমে সরকারের রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১ বাস্তবায়নে আরও নিবেদিত হবেন।

প্রতিষ্ঠার দুই দশক পূর্তি উপলক্ষে আমি আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকের উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা



ফজলে কবির
গভর্নর
বাংলাদেশ ব্যাংক

### বাণী

১১ এপ্রিল, ২০১৬

শরীয়াহ্‌ভিত্তিক ব্যাংক আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড'র ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ মহতী প্রতিষ্ঠা বার্ষিকীতে ব্যাংকটির ব্যবস্থাপনা পরিষদ, নির্বাহীবৃন্দ, কর্মকর্তা-কর্মচারিবৃন্দ এবং ব্যাংকের সকল সম্মানিত গ্রাহক ও গুণগ্রাহীর প্রতি রইল আমার শুভেচ্ছা ও অভিনন্দন।

বাংলাদেশ সৃষ্টির ছেচল্লিশ বছরে নানা প্রতিবন্ধকতা ও প্রতিকূল পরিবেশ মোকাবেলা করে দেশটি আজ উন্নয়নের সনাতনীস্তর অতিক্রম করছে। বিশাল জনবহুল এ দেশে প্রবৃদ্ধি অর্জন ও কর্মসংস্থান সৃষ্টি আজ আমাদের অন্যতম প্রধান লক্ষ্য। দেশের স্থিতিশীল ও সুশৃংখল ব্যাংকিং খাত দু'টি লক্ষ্য পূরণে নিরলস কাজ করে যাচ্ছে। আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকও এ জাতীয় লক্ষ্য অর্জনে একটি নিয়ামক প্রতিষ্ঠান।

ব্যাংকটি স্বচ্ছতা ও আধুনিকায়নের মাধ্যমে গ্রাহক সেবার মান বৃদ্ধিসহ জাতীয় উন্নয়নে সামিল হতে শ্রেণিবিশিষ্ট গ্রাহক থেকে অতি সাধারণ মানুষের দোরগোড়ায় প্রতিনিয়তই কড়া নাড়ছে। ব্যবসায়িক প্রতিযোগিতার পাশাপাশি সিএসআর নীতিমালার আলোকে কল্যাণমূলক ব্যাংকিংকেও এগিয়ে নিচ্ছে। তথাপি, কেন্দ্রীয় ব্যাংকের নীতি-বিধানের সাথে সুসমন্বয়ের মাধ্যমে গ্রাহক স্বার্থ ও সেবা নিশ্চিত করে আগামীতে ন্যূনতম চার্জ ও খরচে বাণিজ্যিক কর্মকাণ্ডের দক্ষ প্রতিষ্ঠান হবে- ব্যাংকটির ২০তম প্রতিষ্ঠা বার্ষিকীতে আমি সে আশাবাদ ব্যক্ত করি।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড এর ২০তম প্রতিষ্ঠা বার্ষিকী সফল ও সার্থক হোক।

(ফজলে কবির)



আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড
Al-Arafah Islami Bank Limited

ব্যবস্থাপনা পরিচালক
আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড

### কৃতজ্ঞতা

বিসমিল্লাহির রাহমানির রাহীম

মহান আল্লাহ্ রাব্বুল আল-আমীনের অশেষ কৃপায় আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড প্রতিষ্ঠার দুই দশক পূর্ণ করেছে। এ অনন্য গৌরবের মুহূর্তটি আমাদের সম্মানিত গ্রাহক, শেয়ারহোল্ডার, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ এবং ব্যাংকের অসংখ্য শুভানুধ্যায়ীসহ সকলের জন্য এক অবিস্মরণীয় মাইলফলক।

প্রতিষ্ঠার দিন থেকে আজ পর্যন্ত আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে একনিষ্ঠভাবে কাজ করে চলেছে। আমরা আমানত সংগ্রহের মাধ্যমে গ্রাহককে তার সঞ্চিত অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করি। অন্যদিকে আমাদের মাধ্যমেই বিনিয়োগ গ্রাহকবৃন্দ পান ইসলামী মূল্যবোধের পরিচর্যা করে সৎ ও হালাল ব্যবসার অনন্য সুযোগ। আমানত-বিনিয়োগের এ প্রক্রিয়ার মাঝেই আমরা সকলের জন্য উন্মুক্ত করেছি অত্যাধুনিক ব্যাংকিংয়ের এক অপার দিগন্ত। শক্তিশালী অনলাইন শাখার নেটওয়ার্ক, সর্বোচ্চ মানের গ্রাহক সেবা, এটিএম সার্ভিস, মোবাইল ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং, এজেন্ট ব্যাংকিং ইত্যাদি বহুমুখী সেবার পসরা নিয়ে আমরা নিরন্তর গ্রাহকের আর্থিক লেনদেনকে সহজ ও সাবলীল করে তোলার লক্ষ্যেই কাজ করে যাচ্ছি।

ব্যাংকিং খাতের বর্তমান প্রতিকূল পরিবেশেও আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক যথেষ্ট দৃঢ় অবস্থান ধরে রেখেছে। মূলত বিনিয়োগের কঠোর মান নিয়ন্ত্রণের কারণেই বিষয়টি সম্ভব হয়েছে। বিনিয়োগের সঠিক মান বজায় রাখতে ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সর্বদাই সজাগ রয়েছে। তদুপরি আমাদের পরিচালক পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দও এ বিষয়ে সজাগ দৃষ্টি রাখেন। সার্বিকভাবে একটি আদর্শ ইসলামী ব্যাংক হিসেবে স্বীয় মান বজায় রাখতে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক সর্বদাই সচেষ্ট রয়েছে।

সকলের সহযোগিতা ও সুপরামর্শে ভবিষ্যতেও আমরা এ মান বজায় রাখবো বলে আমি বিশ্বাস করি। পরিশেষে ২০ বছর পূর্তি উদযাপন উপলক্ষে আমি এ ব্যাংকের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিবাদন জানাই। আল্লাহ্ রাব্বুল আল-আমীন আমাদের ভবিষ্যতের চলার পথকে সুগম করুন। আমীন।

(মোঃ হাবিবুর রহমান)